

## উড়োজাহাজের সাথে কুকুরের ধাক্কা, অগ্নির জন্য রক্ষা

- A Monitor Desk Report

Date: 03 August, 2025



**কক্সবাজার :** কক্সবাজার বিমানবন্দর থেকে ঢাকা ফেরত যেতে উড্ডয়ন প্রস্তুতিকালে রানওয়েতে একটি কুকুরের সঙ্গে ধাক্কা লাগার ঘটনা ঘটেছে এয়ারএস্ট্রা এয়ারলাইন্সের একটি ফ্লাইটের।

শনিবার (২ আগস্ট) সন্ধ্যা ৭টার দিকে ঘটা এ ঘটনায় ফ্লাইটটি সাময়িকভাবে যাত্রা স্থগিত করে নিরাপত্তাজনিত পর্যবেক্ষণে নেয়া হয়। তবে পাইলট ও গ্রাউন্ড টিমের পরীক্ষা-নিরীক্ষায় কোনো যান্ত্রিক ত্রুটি না পেয়ে প্রায় ১ঘণ্টা পর ফ্লাইটটি ৭২ জন যাত্রী নিয়ে ঢাকার উদ্দেশ্যে সফলভাবে উড্ডয়ন করে। অগ্নির জন্য ফ্লাইটটি বড় ধরনের দুর্ঘটনা থেকে রক্ষা পেয়ে সংশ্লিষ্টরা যে যার মতো শোকরিয়া জ্ঞাপন করছেন।

সূত্র মতে, বিমানবন্দরের ফায়ার সার্ভিস ও পরিচ্ছন্নতাকর্মীদের সমন্বিত দল সন্ধ্যা সোয়া ৭টার দিকে রানওয়ে থেকে মৃত কুকুরটিকে সরিয়ে নেয়। এরপর ফ্লাইটটির পাইলট ও গ্রাউন্ড ক্রু বিমানের 'থ্রো-চেক' সম্পন্ন করে নিশ্চিত হন, এতে কোনো প্রযুক্তিগত সমস্যা হয়নি। সবকিছু স্বাভাবিক থাকায় রাত সোয়া ৮টার দিকে প্রায় ১ ঘণ্টা বিলম্বে ফ্লাইটটি পুনরায় ঢাকার উদ্দেশ্যে উড্ডয়ন করে। ফ্লাইটে থাকা ৭২ যাত্রী নিরাপদে ঢাকা পৌঁছান।

কক্সবাজার বিমানবন্দরের ভারপ্রাপ্ত পরিচালক গোলাম মর্তুজা সাংবাদিকদের বিষয়টি নিশ্চিত করে বলেন, ফ্লাইটের ধাক্কায় কুকুরটি মারা গেছে। তবে যাত্রীরা নিরাপদে ছিলেন এবং ফ্লাইটটি স্বাভাবিকভাবে উড্ডয়ন করে একঘণ্টা পর ঢাকায় অবতরণ করেছে।

গোলাম মর্তুজা আরও জানান, দিনের বেলায় কুকুরের তেমন উপদ্রব না থাকলেও সন্ধ্যার পর রানওয়ে এলাকায় কুকুরের বিচরণ বেড়ে যায়। আলো কম থাকায় পরিস্থিতি আরও ঝুঁকিপূর্ণ হয়ে ওঠে। বর্তমানে বিমানবন্দরের নিরাপত্তার দায়িত্বে ১৮৯ জন আনসার সদস্য পালাক্রমে দায়িত্ব পালন করছেন। তবুও এ ধরনের অনাকাঙ্ক্ষিত ঘটনা ঠেকানো যাচ্ছে না।

-B

